

অফিস আদেশ

নিরাপদ খাদ্য উৎপাদন, সংগ্রহ, সংরক্ষণ ও বিপণন এর লক্ষ্যে রাসায়নিক দ্রব্য ব্যবহারের Maximum Residue Limits (MRL), Acceptable Daily Intake (ADI) এবং Ripenary Agent কি মাত্রায় প্রয়োগ করা যাবে এ বিষয়ে বিদ্যমান আইন, বিধি, বিধান ও সুপারিশ এর আলোকে বাংলাদেশের উপযোগী একটি Standard সুপারিশমালা প্রণয়ন করার লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হ'ল:

০১	মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট	আহ্বায়ক
০২	ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন প্রতিনিধি	সদস্য
০৩	বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের একজন প্রতিনিধি	সদস্য
০৪	বিএসটিআই এর একজন প্রতিনিধি	সদস্য
০৫	জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর এর একজন প্রতিনিধি	সদস্য
০৬	স্বাস্থ্য অধিদপ্তর এর একজন প্রতিনিধি	সদস্য
০৭	ঔষধ প্রশাসন অধিদপ্তর এর একজন প্রতিনিধি	সদস্য
০৮	মহাব্যবস্থাপক, হর্টিক্রা ফাউন্ডেশন	সদস্য
০৯	কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের একজন প্রতিনিধি	সদস্য
১০	কৃষি উন্নয়ন কর্পোরেশন এর একজন প্রতিনিধি	সদস্য
১১	বাণিজ্য মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপসচিব পর্যায়ের)	সদস্য
১২	বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) এর একজন প্রতিনিধি	সদস্য
১৩	ড. মনীরউদ্দীন আহমেদ, পরিচালক (পুষ্টি), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল	সদস্য সচিব

কমিটির কার্য পরিধি:

- নিরাপদ খাদ্য উৎপাদন, সংগ্রহ, সংরক্ষণ, বিপণন ও ফল পাকাতে বিভিন্ন রাসায়নিক দ্রব্যের আদর্শ মাত্রা ও মানব দেহের জন্য সর্বোচ্চ সহনীয় মাত্রা (MRL) নির্ধারণ করা সহ প্রচলিত বিধি বিধান সমূহের কোন প্রকার সংযোজন/বিয়োজন এর প্রয়োজন অনুমেয় হলে তা সুপারিশ আকারে পেশ করবে;
- কমিটি অনুমোদিত অন্যান্য পিজিআর এর ব্যবহারের মাত্রা নির্ধারণ করে তা সুপারিশ আকারে পেশ করবে;
- Maximum Residue Limits (MRL) এবং Acceptable Daily Intake (ADI) নির্ধারণে CODEX কর্তৃক অনুমোদিত মাত্রার সাথে সামঞ্জস্য রেখে বাংলাদেশের উপযোগী গ্রহণীয়/সহনীয় মাত্রা নির্ধারণ করে তা সুপারিশ আকারে পেশ করবে;
- কমিটি আগামী ১ মাসের মধ্যে পূর্ণাঙ্গ সুপারিশমালা কৃষি মন্ত্রণালয়ে দাখিল করবে;
- কমিটি প্রয়োজন বোধে যে কোন সদস্য-কে কো-অপ্ট করতে পারবে;

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

(ফারহানা আইরিছ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৫৪৯৩৯

অপর পাতায়

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)


- ০১। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা (একজন প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একজন প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
- ০৫। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (একজন প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধ করা হলো)।
- ০৬। মহাপরিচালক, বিএসটিআই, মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা (একজন প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধ করা হলো)।
- ০৭। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (একজন প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধ করা হলো)।
- ০৮। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ১০৫-১০৬ বা/এ মতিঝিল, ঢাকা (একজন প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধ করা হলো)।
- ০৯। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা (একজন প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা (একজন প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধ করা হলো)।
- ১১। মহাব্যবস্থাপক, হর্টিক্স ফাউন্ডেশন, সেচ ভবন, মানিকমিয়া এ্যাভিনিউ, ঢাকা (একজন প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধ করা হলো)।
- ১২। নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) সেচ ভবন, মানিকমিয়া এ্যাভিনিউ, ঢাকা (একজন প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধ করা হলো)।
- ১৩। ড. মনীরউদ্দীন আহমেদ, পরিচালক (পুষ্টি), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।

স্মারক নং-১২.০৬২.০২২.০৩.০০.০০০.২০১৪-৩১৮

তারিখ: ১১ ভাদ্র ১৪২১বাং
২৬ আগস্ট ২০১৪খ্রিঃ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। যুগ্ম-সচিব (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(ফারহানা আইরিছ)
সিনিয়র সহকারী সচিব